

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৫৪

আগরতলা, ৪ মার্চ, ২০২৪

বিধানসভা সংবাদ

রাজ্যের আরও ৪টি সড়ককে জাতীয় সড়ক হিসেবে অন্তর্ভুক্ত
করতে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে : মুখ্যমন্ত্রী

রাজ্যে বর্তমানে ৬টি জাতীয় সড়ক রয়েছে। এই জাতীয় সড়কগুলির মোট দৈর্ঘ্য ৯২৩.৩১ কিলোমিটার। রাজ্যের আরও ৪টি সড়ককে জাতীয় সড়ক হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক সুদীপ সরকারের এক প্রশ্নের লিখিত উত্তরে পূর্ত দপ্তরের মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা এই তথ্য জানিয়েছেন। মুখ্যমন্ত্রী জানান, যে ৪টি সড়ককে জাতীয় সড়ক হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে সেগুলি হচ্ছে ১) কমলপুর-শান্তিরবাজার (এনএইচ-৮) ভায়া আমবাসা, গন্ডাছড়া, অমরপুর (এনএইচ-২০৮) দৈর্ঘ্য ১৪৮ কিলোমিটার। ২) চম্পকনগর (জিরানীয়া) থেকে উদয়পুর ভায়া খুমলুঙ (এনএইচ-৮) এবং জম্পুইজলা (দৈর্ঘ্য ৪০ কিমি)। ৩) অমরপুর থেকে উদয়পুর (দৈর্ঘ্য ২৪ কিলোমিটার)। ৪) শান্তিরবাজার থেকে বিলোনীয়া (দৈর্ঘ্য ১৭.২৫ কিলোমিটার)। এই সড়কগুলি নীতিগতভাবে জাতীয় সড়ক হিসেবে ঘোষিত হয়েছে।

বিধানসভায় মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বিধায়ক সুদীপ সরকার এবং বিধায়ক বৃষকেতু দেববর্মার অন্য এক প্রশ্নের লিখিত উত্তরে জানান, রাজ্যে বর্তমানে ২১টি স্টেট হাইওয়েজ রয়েছে। স্টেট হাইওয়েজের মোট দৈর্ঘ্য ১০৫৭.৪৫ কিলোমিটার।
